

দৈনিক ইত্তেফাক

THE DAILY ITTEFAQ

প্রতিষ্ঠাতা : তফাজ্জল হোসেন মানিক মিয়া



এপ্রিল ১১, ২০০৮, শুক্রবার : চৈত্র ২৮, ১৪১৪

আপডেট বাংলাদেশ সময় রাত ১২:০০

নতুন আইনে পুলিশ হবে অবৈধ প্রভাবমুক্ত সংস্থা

।। সাকির আহমদ ।।

স্বাধীনতার ৩৬ বছর পর পুলিশ বাহিনীকে সংস্কারের উদ্যোগ গ্রহণ করেছে বর্তমান তত্ত্বাবধায়ক সরকার। তারই অংশ হিসাবে পুলিশ রিফর্ম প্রজেক্ট (পিআরপি) প্রস্তাবিত পুলিশ অর্ডিন্যান্স, ২০০৭-এর খসড়া তৈরী করেছে। খসড়াটি সহসাই আইনে পরিণত হচ্ছে না। জনমত যাচাইয়ের পর নতুন অর্ডিন্যান্স সম্পর্কে সিদ্ধান্ত নেয়া হবে। একটি স্বাধীন পুলিশ অভিযোগ তদন্ত কর্তৃপক্ষ ক্ষমতার অপব্যবহারসহ পুলিশের বিরুদ্ধে অভিযোগের ব্যাপারে তদন্ত করবে। স্বাধীন পুলিশ অভিযোগ তদন্ত কর্তৃপক্ষ হবে পাঁচ সদস্যের। খসড়ায় পুলিশ এ্যাক্ট, ১৮৬১ থেকে বেরিয়ে একটি স্বাধীন দেশের উপযোগী পুলিশ বাহিনী পরিচালনার প্রস্তাব করা হয়েছে। এতে বলা হয়েছে, পুলিশ হবে পেশাদারিত্বসম্পন্ন, সেবামুখী, জনবান্ধব ও সকল অবৈধ প্রভাব-হস্তক্ষেপমুক্ত একটি সংস্থা। পুলিশ কর্তৃক সমাজ ও জনগণের প্রতি দায়বদ্ধতার বাধ্যবাধকতা সৃষ্টি করে কিছু কিছু আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা বিকেন্দ্রীকরণের মাধ্যমে কার্যকরী ব্যবস্থা গড়ে তোলার কথা বলা হয়েছে প্রস্তাবিত অর্ডিন্যান্সে। উল্লেখ্য, বিদ্যমান আইনে কর্মকর্তারা অহেতুক হয়রানির ভয়ে সরকারের বৈধ ও অবৈধ সব ধরনের নির্দেশ বিনা বাক্য ব্যয়ে পালন করতে বাধ্য হন। ওয়ান ইলেভেন পূর্ববর্তী প্রতিটি সরকারের নির্দেশেই পুলিশ বিরোধী দলীয় নেতা-কর্মীদের হয়রানি, গণগ্রোহতার বা মিছিলে অতিরিক্ত শক্তি প্রয়োগ করেছিল।

শাসন ও শোষণ থেকে পুলিশ বাহিনীকে বের করে আনার জন্য ১৩টি নির্দিষ্ট প্রস্তাব রয়েছে। এগুলো হচ্ছে সরকার ও যথাযথ কর্তৃপক্ষের আইনানুগ নিয়ন্ত্রণাধীনে পুলিশ পরিচালিত হবে। তবে পুলিশকে সরকার অথবা কোন ব্যক্তি আইন বহির্ভূত বা অবৈধ কাজের নির্দেশ দিতে পারবে না। আইনের বিধানাবলী সাপেক্ষেই শুধু সরকার বা উর্ধ্বতন কর্তৃপক্ষ পুলিশকে পরিচালনার অধিকারী। পুলিশের কাজে যে বা যারাই বিধিবহির্ভূত হস্তক্ষেপ বা অবৈধ প্রভাব বিস্তারের চেষ্টা করবে তাদের জন্য শাস্তির ব্যবস্থা থাকছে। জনগণের সকল গণতান্ত্রিক এবং সাংবিধানিক অধিকারের প্রতি সম্মান প্রদর্শন ও যথাযথ সংরক্ষণ পুলিশের জন্য বাধ্যতামূলক।

প্রথম পাতা

শেষ পাতা

দ্বিতীয় সংস্করণ

অন্যান্য

সম্পাদকীয়

চিঠিপত্র

দৃষ্টিকোণ

রাজধানীর আশেপাশে

বিশ্ব সংবাদ

খেলার খবর

শিল্প-ব্যবসা-বাণিজ্য

রোজনামাচা

শেয়ার বাজার

রাশিফল

প্রিন্ট সংস্করণ

(বিজ্ঞাপন)

ঢাকা

চট্টগ্রাম

রাজশাহী

খুলনা	<p>পুলিশ ফোর্সের পরিবর্তে হবে পুলিশ 'সার্ভিস'। সেইসঙ্গে হবে সেবামুখী, জনবান্ধব, পেশাদার এবং আইনের প্রতি শ্রদ্ধাশীল প্রতিষ্ঠান। পুলিশ সার্ভিসের অন্যতম দায়িত্ব হবে অপরাধ উদঘাটন, দমন, আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ, মানবাধিকার সংরক্ষণ, সামাজিক সুবিচার নিশ্চিতকরণ, দেশে সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে একটি নিরাপদ বাংলাদেশ গঠন। সমাজের দুর্বল গোষ্ঠী, সংখ্যালঘু, নারী এবং শিশুদের অধিকার রক্ষাসহ এদের প্রতি যে কোন অপরাধমূলক আচরণ প্রতিরোধে পুলিশকে অধিকতর ও বিশেষভাবে সচেতন থাকার নির্দেশনা রয়েছে।</p>
বরিশাল	
কচি-কাঁচার আসর	
ধর্মচিন্তা	
ক্যারিয়ার	
তথ্যপ্রযুক্তি	
কর্পোরেট	
সাহিত্য সাময়িকী	
অর্থনীতির পাতা	
রিয়েল এস্টেট	
স্বাস্থ্য পরিচর্যা	<p>জাতীয় পুলিশ কমিশন হবে ১১ সদস্যের। পদাধিকারবলে চেয়ারম্যান স্বরাষ্ট্র মন্ত্রী অন্যান্য হলেন সরকার ও বিরোধী দলের দুইজন করে চারজন সংসদ সদস্য, সুশীল সমাজের তিনজন প্রতিনিধি, শৃঙ্খলা বাহিনীতে কর্মরত একজন উর্ধ্বতন কর্মকর্তা এবং স্বরাষ্ট্র সচিব ও পুলিশ প্রধান। কমিশন পুলিশ প্রধান নিয়োগ দিবে। সরকার কমিশনের সম্মতি ছাড়া নির্দিষ্ট মেয়াদের আগে পুলিশ প্রধানকে অপসারিত বা অন্যত্র পদায়ন করতে পারবে না। পুলিশ প্রধানের বিরুদ্ধে কোন অভিযোগ উত্থাপিত হলে কমিশন তা তদন্ত করবে। কমিশন দক্ষ কার্যকরী জবাবদিহিতামূলক পুলিশী ব্যবস্থা গড়ে তোলার জন্য সরকারের নিকট সুপারিশমালা পেশ করবে। ভাবমূর্তি কিভাবে বৃদ্ধি করা যায় সে ব্যাপারে পুলিশকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান, আচরণ ও সেবা প্রদানকে জনগণ কিভাবে দেখছে কমিশন তা মূল্যায়ন করবে। জেলা পুলিশ কর্মকর্তা হতে উর্ধ্বতন পদে দায়িত্ব পালনের মেয়াদ হবে ২ থেকে ৩ বছর। কমিশনের সাথে পরামর্শ ছাড়া সরকার একজন কর্মকর্তাকে মেয়াদের আগে বদলি করতে পারবে না। (আগামীকাল পড়ুন পুলিশ অপরাধ করলেই ট্রাইব্যুনালের মাধ্যমে দ্রুত সাজা দেয়া হবে)</p>
পাঠক বন্ধু	
এই নগরী	
ক্রীড়াঙ্গণ	
চট্টগ্রাম নগরী	
কাঞ্চনকন্যা সিলেট	
দক্ষিণা দুয়ার	
মহিলা অঙ্গন	
ক্যাম্পাস	
কড়চা	
তরণকর্ষ্ঠ	
আনন্দ বিনোদন	
ঈদ সংখ্যা-২০০৭	



Ads by Google

[Honestly](#)
[Essiac Tea](#)

Fair low pricing,
authentic essiac.

Fast shipping.

Call (877) 8-
ESSIAC

[essiac-tea-herbal-
remedies.com](http://essiac-tea-herbal-remedies.com)